# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৯২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৬৮]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কা’বা ঘর এবং অন্যান্য মসজিদের দরজা এবং তালার ব্যবস্থা করা

باب الأَبْوَابِ وَالْغَلَقِ لِلْكَعْبَةِ وَالْمَسَاجِدِ

আরবী

□□□- عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ الله عَنْهُمَا: أَنَّ النَّبِيَّ قَدِمَ مَكَّةَ، فَدَعَا عُثْمَانَ بْنَ طَلْحَةَ، فَفَتَحَ الْبَابَ، فَدَخَلَ النَّبِيُّ وَبِلالٌ، وَأُسَامَةُ بْنُ زَيْدٍ، وَعُثْمَانُ بْنُ طَلْحَةَ، ثُمَّ أَغْلَقَ الْبَابَ، فَلَبِث فِيهِ سَاعَةً، ثُمَّ خَرَجُوا، قَالَ ابْنُ عُمَرَ: فَبَدَرْتُ فَسَأَلْتُ بِلالا، فَقَالَ: صَلَّى فِيهِ، فَقُلْتُ: فِي أَيٍّ؟ قَالَ: بَيْنَ الاسْطُوَانَتَيْنِ، قَالَ ابْنُ عُمَرَ: فَذَهَبَ عَلَيَّ أَنْ أَسْأَلَهُ كَمْ صَلَّى. (بخارى:□□□

বাংলা

২৯২) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কায় আগমণ করে উছমান ইবনে তালহাকে ডাকলেন। সে আগমণ করে কা’বার দরজা খুলল। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, বেলাল, উসামা বিন যায়েদ এবং উছমান বিন তালহা তাতে প্রবেশ করলেন। তারপর দরজা বন্ধ করে দেয়া হল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কাবা ঘরের ভিতরে কিছুক্ষণ অবস্থান করলেন। তারপর সকলেই বের হয়ে আসলেন। আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) বলেনঃ আমি তাড়াহুড়া করে তাদের কাছে গিয়ে বেলাল (রাঃ)কে জিজ্ঞেস করলাম, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ভিতরে কি করেছেন? বেলাল (রাঃ) বললেনঃ নামায পড়েছেন। আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) বলেনঃ আমি পুনরায় বেলাল (রাঃ)কে জিজ্ঞেস করলাম, তিনি কোন্ দিকে নামায পড়েছেন। তিনি বললেনঃ দুই খুঁটির মধ্যবর্তী স্থানে। ইবনে উমার বলেনঃ কত রাকআত পড়েছেন, তা জিজ্ঞেস করতে আমি ভুলে গিয়েছি।

## English

The doors and locks of the Kabah and the mosques

Narrated Nafi`:

Ibn `Umar said, "The Prophet (ﷺ) arrived at Mecca and sent for `Uthman bin

Talha. He opened the gate of the Ka`ba and the Prophet, Bilal, Usama bin Zaid and `Uthman bin Talha entered the Ka`ba and then they closed its door (from inside). They stayed there for an hour, and then came out." Ibn `Umar added, "I quickly went to Bilal and asked him (whether the Prophet (ﷺ) had prayed). Bilal replied, 'He prayed in it.' I asked, 'Where?' He replied, 'Between the two pillars.' "Ibn `Umar added, "I forgot to ask how many rak`at he (the Prophet) had prayed in the Ka`ba."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89590

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন